জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দফতর
ফোন ঃ ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্সঃ ০২ ৯২৯১০৫০
mail: pr@nu.edu.bd

তারিখ: ১৬ সেপ্টেম্বর, ২০২১

# ২৭ সেপ্টেম্বরের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে ভ্যাক্সিনের জন্য নিবন্ধনের নির্দেশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ ও শিক্ষাপ্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ এর ভ্যাক্সিন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। যারা এখনো ভ্যাক্সিন গ্রহণ করেননি তাদেরকে আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে সুরক্ষা অ্যাপে নিবন্ধন সম্পন্ন করে কোভিড-১৯ এর ভ্যাক্সিন গ্রহণের নির্দেশ দেয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৬ সেপ্টেম্বর) জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এ সংক্রান্ত জরুরি নির্দেশনা অধিভুক্ত সকল শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠানো হয়েছে।

নির্দেশনায় বলা হয়েছে, যেসকল শিক্ষার্থীর বয়স ১৮ বা ১৮ এর বেশি এবং যাদের জাতীয় পরিচয়পত্র নেই, তাদেরকে আগামী ৩ কার্যদিবস অর্থাৎ ২১ সেপ্টেম্বরের মধ্যে জন্মনিবন্ধন সনদ সংগ্রহ করে এর নিবন্ধিত নম্বর এই লিংকে http://103.113.200.28/student_covidinfo/ প্রবেশ করে দিতে হবে। সনদ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট শিক্ষার্থী যাতে স্থানীয় পর্যায়ে কোভিড-১৯ এর ভ্যাক্সিন পেতে পারে সে লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে। নির্দেশনায় আরও বলা হয়েছে, যারা ইতোমধ্যে ভ্যাক্সিন এর ১ম/২য় ডোজ গ্রহণ করেছেন, তাদের তথ্য অতিসত্বর জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাঠানোর জন্য বলা হয়েছে।

বার্তা প্রেরক

(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

সূত্র নং-০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/৪৩৭

তারিখ: ০১লা আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৬ই সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ ও শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত সকল শিক্ষার্থী যাদের ১৮ বা ১৮ বছরের বেশি এবং যাদের NID নেই এমন শিক্ষার্থীদের জন্মনিবন্ধন সংক্রান্ত তথ্যাদি আগামী ০৩ (তিন) কর্মদিবসের (২১/০৯/২০২১ তারিখ) মধ্যে http://103.113.200.28/student_covidinfo/ লিংকে প্রবেশ করে জন্ম নিবন্ধন নম্বর (জন্মনিবন্ধন সনদ সংগ্রহ করে) তথ্য দেয়ার জন্য বলা হলো। এ সনদ প্রাপ্তিসাপেক্ষে সংশ্লিষ্ট শিক্ষার্থী যাতে স্থানীয় পর্যায়ে কোভিড-১৯ ভ্যাক্সিন পেতে পারে সে লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে। বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়রত শিক্ষার্থী এবং কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর কোভিড-১৯ ভ্যাক্সিন গ্রহণ বাধ্যতামূলক। যাঁরা এখনো কোভিড-১৯ ভ্যাক্সিন গ্রহণ করেননি তাঁরা আগামী ২৭শে সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে সুরক্ষা এ্যাপে নিবন্ধন করে কোভিড-১৯ ভ্যাক্সিন গ্রহণ করবেন। ইতোমধ্যে যাঁরা ভ্যাক্সিন-এর ১ম/২য় ডোজ গ্রহণ করেছেন তাঁদের তথ্য নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ ও শিক্ষাপ্রতিষ্ঠানে সরাসরি শ্রেণী শিক্ষা ও পরীক্ষা কার্যক্রম চালু করার লক্ষ্যে সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীর নিজ দায়িত্বে সুরক্ষা এ্যাপে নিবন্ধিত হয়ে কোভিড-১৯ এর ভ্যাক্সিন নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

16.09.21

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
ফোন: ৯২৯১০১৬, ফ্যাক্স: ৯২৯১০৩৭
পিএবিএক্স: ৬০০৫
আইপি: ২১২২১০৫
e-mail: registrar@nu.edu.bd

বিতরণ:
অধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান।

সূত্র নং-০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/৪৩৭

তারিখ: ০১লা আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৬ই সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৩. অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা, অতিরিক্ত মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৫. সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।

১৬/০৯/২০২১

(জয়ন্ত ভট্টাচার্য্য)
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মানবসম্পদ উন্নয়ন ও শুদ্ধাচার দপ্তর
ও
প্রশাসন, পরিষদ শাখা
ফোন: ৯২৯১০৫১, ফ্যাক্স: ৯২৯১০৪৮
পিএবিএক্স: ৬৩৮৮
আইপি: ২১২২১৩০
e-mail: council@nu.edu.bd